# সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব চন্দ্র দেব চাকমা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি । |
| সভার তারিখ ও সময় | : | ২৮/০৯/২০২১খ্রি: ; সময় : বেলা ১১.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| বিবেচ্যমাস | : | আগষ্ট, ২০২১খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য নবাগত উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| সং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ২ | উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায় নি। সে প্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্য্যবিবরণী দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ। |
| ৩ | **স্বাস্থ্য অধিদপ্তর :** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, অন্ত: বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ১৬৮ জন, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ২৩৭৮ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৩৮ জন, হাসপাতালে প্রসুতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৪ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে ১১৪ জন, টিবি রোগীর সংখ্যা- ১০ জন, আউটডোর, ইনডোর, মাঠ, সিসি ও ব্র্যাক অফিসে ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ২ জন। তিনি আরো জানান যে, এ উপজেলায় করোনা রোগী ১৮৪ জন এবং ১৮২ জন সুস্থ। তিনি আরো জানান যে, কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ২৫০৭২ জন, ১ম ডোজ সম্পন্নকারীর সংখ্যা ১৭৮৬৪ জন এবং ২য় ডোজ সম্পন্নকারী ১০৪২৪ জন মর্মে সভায় উপস্থাপন করেন। | উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য সেবা কার্যক্রম অব্যাহত রাখা এবং কোভিড-১৯ টিকা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পানছড়ি। |
| ৪ | **পরিবার পরিকল্পনা অধিদপ্তর :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, চলতি মাসে পরিকল্পনা সেবা: সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০১৯ জন, নুতন কনডম গ্রহীতা-০৭ জন, নতুন খাবার বড়ি গ্রহীতা-৯৫ জন, নুতন ইনজেকটেবল গ্রহীতা- ১১ জন, ইমপ্লানন গ্রহীতা-৪৮ জন, নুতন আইইউডি গ্রহীতা-১০ জন, স্থায়ী পদ্ধতি : পুরুষ বন্ধ্যাকরণ- নাই মহিলা-০১ জন। লোগাং এফ ডব্লিউ সি কর্তৃক ০১ জন গর্ভখালাস করা হয়েছে মর্মে সভায় জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | লক্ষ্যমাত্রানুযায়ী স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প: প: কর্মকর্তা, পানছড়ি |
| ৫ | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর:** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, আমন ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে উপ-সহকারি কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় কারিগরি সহায়তা কার্যক্রম চলমান আছে। অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ৩০ জন ভিত্তিক ১ ব্যাচের প্রশিক্ষণ প্রদান, ২০টি প্রর্দশনী স্থাপন করণ, লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, | (ক) পর্যাপ্ত পরিমাণে সার মজুদ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) রাসায়নিক সার ব্যবহারের পাশাপাশি জৈব সার ব্যবহারের জন্য কৃষকগণকে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ৩০ জন ভিত্তিক ১ ব্যাচ প্রশিক্ষন এবং ৩০টি মাল্টা বাগান প্রর্দশনী স্থাপন এবং কাজু বাদাম ও কফি গবেষণা উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় জাত ও প্রযুক্তি প্রর্দশনী স্থাপন ও কৃষক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সার বিক্রয় ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | (গ) চলমান প্রকল্পের কাজসমূহ লক্ষ্যমাত্রানুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | |
| ৬ | <u>মৎস্য অধিদপ্তর :</u> উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছচাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৩টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্রঋণ তহবিলের আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৯৪২০ লক্ষ টাকা। আদায় হার ৫৫%। বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির কারণে মৎস্য সেক্টরে যথেষ্ট প্রভাব পড়েছে এবং মাছ ব্যবসায়ী ও মাছচাষীগণ ক্ষতিগ্রস্থ হচ্ছেন বলে জানা যায়। ফলে মাছ উৎপাদন, পরিবহন এবং উৎপাদিত মাছ বাজারজাতকরণের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মাছচাষীদের সহযোগিতা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরো জানান যে, অত্র উপজেলায় পোনা মাছের যথেষ্ট চাহিদা রয়েছে। কিন্তু অত্র এলাকায় পর্যাপ্ত নার্সারী না থাকার কারণে মাছচাষীদের বেশীমূল্যে পোনা মাছ ক্রয় করতে হয়। সে প্রেক্ষিতে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) কৃষি/মৎস্য খাত হতে প্রকল্প গ্রহণ পূর্বক কিছু সংখ্যক নার্সারার কে পোনামাছ চাষের উপর প্রশিক্ষণ প্রদান করা হলে মাছ চাষের উৎপাদন অনেকাংশে বৃদ্ধি পাবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) মৎস্য সেক্টরে ক্ষুদ্রঋণ তহবিলের আওতায় বিতরণকৃত খেলাপী ঋণ বিধি অনুযায়ী আদায় করার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পোনামাছ চাষের প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে বিবেচনা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি |
| ৭ | <u>প্রাণি সম্পদ অধিদপ্তর :</u> উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | <u>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :</u> উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি, খাগড়াছড়ি |
| ৯ | <u>দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ (ত্রাণ অধিদপ্তর):</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচি সাধারণ ১ম পর্যায় (উন্নয়ন) এর আওতায় ২৫,২২,৮৪৭.০৬ টাকা, ৫৩.৩৮২৭ মে: টন (চাউল), ৫৩.৩৮২৭ মে: টন (গম) বরাদ্দ পাওয়া গেছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) বিধি অনুযায়ী বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ব্যয়ের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি |
| ১০ | <u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u> উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০টি ডিএসপি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়াছে। তন্মধ্যে ১৫৩টি প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে। কাজের অগ্রগতি ৬০%। ৫৮টি গ্রাম প্রকল্পের আওতায় ৪টি কমিউনিটি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ১টি কমিউনিটি ক্লিনিকের কাজ সম্পাদন করে | (ক) বিধি অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) ২০২০-২০২১ অর্থবছরে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ ১০০% নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | হস্তান্তর করা হয়েছে। স্কুল পর্যায়ে জিপিএস প্রকল্পের আওতায় পানছড়ি উপজেলায় ৪টি (ধুদুকছড়া, কিষ্টমনি, পুজগাং ও সূতকর্ম্মা পাড়া) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল ওয়াশব্লকের কাজ চলমান আছে। তাছাড়া ১৩০টি গভীর নলকূপ চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (খ) কমিউনিটি ওয়াশব্লক নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে অবশিষ্ট ৩টি প্রকল্পের কাজ বিধি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | |
| ১১ | **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর :** প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে গত ১২/০৯/২০২১খ্রি: তারিখ হতে এ উপজেলাধীন সকল প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে এবং নিয়মিত ক্লাস চলমান রয়েছে। বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতির অংশ হিসেবে বিদ্যালয় পর্যায়ে এসএমসি, পিটিএ ও অভিভাবকদের সাথে আলোচনার মাধ্যমে সরকারিকভাবে প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়ন করা হচ্ছে মর্মে সভায় উপস্থাপন করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | (ক) নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ছাত্র/ছাত্রীদের কে আবশ্যিকভাবে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধান করে নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রাথমিক শিক্ষা অফিসার পানছড়ি, খাগড়াছড়ি। |
| ১২ | **মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যবিধি মেনে গত ১২/০৯/২০২১খ্রি: তারিখ হতে বিদ্যালয় খোলা হয়েছে এবং যথারিতি শ্রেণী কার্যক্রম এবং ইউআইডি কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ছাত্র/ছাত্রীদের কে আবশ্যিকভাবে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধান করে নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৩ | **সমাজসেবা অধিদপ্তর :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে সকল ভাতা বরাদ্দ পাওয়া গেছে এবং বরাদ্দপত্র সংশ্লিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। বয়স্ক ও বিধবা ভাতা অনলাইনে আবেদন হতে বয়সের ক্রমানুসারে ও প্রতিবন্ধী ভাতার জন্য DIS এ অর্ন্তভূক্ত তালিকা হতে পর্যায়ক্রমে ইউনিয়ন কমিটি কর্তৃক অনুমোদিত তালিকা উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে। প্রতিবন্ধী ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে তীব্র প্রতিবন্ধীদেরকে অর্থাৎ অটিজম, সেরিব্রালপালসি, ডাউন সিনড্রোম ও বুদ্ধি প্রতিবন্ধীদেরকে অগ্রাধিকার দেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। বাছাই করা তালিকা দ্রুত উপজেলা কমিটিতে প্রেরণ করার জন্য সভায় তিনি উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, ক্যান্সার ও কিডনী রোগীর জন্য জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত জন প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে ৫ জন কে চিকিৎসা সহায়তা বাবদ ৫টি চেক উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে বিতরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) বিধি অনুযায়ী সকল ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে ভাতাভোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br><br>(খ) বিধি অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ১৪ | **মহিলা বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা পানছড়ি, খাগড়াছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | <u>পল্লী উন্নয়ন অধিদপ্তর :</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপুঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপুঞ্জিত সদস্য ভর্তি ১৫৬৫ জন, ক্রমপুঞ্জিত শেয়ার জমা ৮.৩৫ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা ৬৭.৮৩ (লক্ষ টাকায়), ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১৪৯৯.২০ (লক্ষ টাকা), ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৬৭৮.৪২ (লক্ষ টাকা) টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৬ | <u>সমবায় অধিদপ্তর :</u> উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,<br>• সমবায় সমিতিসমূহের অডিট কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে অডিট অফিসারের মাধ্যমে সম্পন্ন করা হবে।<br>• এই পর্যন্ত সকল ধার্যকৃত অডিট ফি পরিশোধ করে চালানের কপি জেলা সমবায় কার্যালয়, খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে।<br>• উপজেলার বাৎসরিক ক্যালেন্ডার ও অকার্যকর তালিকা জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | (ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |
| ১৭ | <u>যুব উন্নয়ন অধিদপ্তর :</u> যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২,৫৬,৫৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ৩,১৯,৫০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ২,৮৪,৫০০/- টাকা চলমান মাসে আদায় হার ৮৯%। চলমান মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ২,৩৫,৬১,০৫০/- টাকা, চলমান মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত ২,০৮,৫৫,৪৮০/- টাকা, আদায় হার ৮৮%। চলমান মাসে ঋণ বিতরণ ৫,০০,০০০/- টাকা। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক। | (ক) নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পানছড়ি। |
| ১৮ | <u>খাদ্য অধিদপ্তর:</u> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য গুদামে ৬২৯.৯৮০ মে: টন (আতপ) চাল, ২২৮.৮৭২ মে: টন (সিদ্ধ) চাল ও ১১৩.৫৭২ মে. টন গম মজুদ আছে মর্মে সভায় উপস্থাপন করেন। | পর্যাপ্ত পরিমাণে খাদ্য গুদামে খাদ্য মওজুদ রাখার জন্য খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | <u>পরিবেশ ও বন মন্ত্রণালয় :</u> উপজেলা বন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা পানছড়ি। |
| ২০ | <u>আনসার ও ভিডিপি বিভাগঃ</u> উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন ক্যাম্প/পোষ্টে হিল আনসারগণ সঠিকভাবে দায়িত্ব পালন করছেন। অতিরিক্ত দায়িত্ব হিসেবে কোভিড-১৯ এর টিকাদান কেন্দ্রসমূহেও দায়িত্ব পালন করছে। গ্রামভিত্তিক মৌলিক প্রশিক্ষণ ৫ সেপ্টেম্বর,২০২১ তারিখ হতে ১৯ সেপ্টেম্বর,২০২১খ্রি: পর্যন্ত প্রশিক্ষন প্রদান করা হয়েছে। অতিরিক্ত দায়িত্বকালীন সময়ে দায়িত্বরত হিল ভিডিপিগণের দায়িত্বকালীন ভাতা প্রদানের বিষয়ে মহোদয়গণের সুদৃষ্টি কামনা করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অতিরিক্ত দায়িত্বকালীন ভাতা প্রদানের বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ করা করা যেতে পারে।<br><br>(খ) নিয়মিত দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |
| ২১ | <u>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প)</u>: প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) ব্যবস্থাপক জানান যে, নতুন ০৭টি (গুণধর, দক্ষিণ | উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | হেলাধুলা, ছোটবাড়ি, নতুন, রত্নময়, সুমতি পাড়া এবং নবরত্ন) পাড়ায় পাড়াকর্মী নিয়োগ করা হয়েছে। নবসৃষ্ট পানছড়ি ১৮ ক্লাস্টারে একজন মাঠ সংগঠক নিয়োগ করা হয়েছে। বর্তমানে অত্র উপজেলায় ১৭৮টি পাড়াকেন্দ্র চলমান রয়েছে এবং নতুন ০৪টি (বড়মুড়া পাড়া, লক্ষীরঞ্জন পাড়া, নতুন শনখোলা পাড়া ও মাতুলী পাড়া) পাড়াকেন্দ্র সম্প্রসারণ করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | | |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক :** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ৯১,৩১,০০০/- (লক্ষ টাকায়), ঋণ আদায় ৭৮,১৯,০০০/- (লক্ষ টাকায়), সঞ্চয় আদায় ৪,৭৩,০০০/- (চার লক্ষ তিয়াত্তর হাজার) টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) সঞ্চয় আদায় ও ঋণ আদায় কার্যক্রম শতভাগ নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) ঋণ বিতরণের ক্ষেত্রে যেন ওভারলেপিং না হয় সে দিকে খেয়াল রেখে ঋণ বিতরণ নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি। |
| ২৩ | **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো:** উপজেলা প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পানছড়ি। |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প :** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ৪র্থ বছরে অনুমোদিত ০২টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পের বাস্তবায়ন কাজ সংশ্লিষ্ট ঠিকাদার দ্রুত কাজ শুরু করবেন বলে আশ্বস্ত করেছেন। অপরদিকে ৫ম বছরের জন্য অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের প্রাক্কলন তৈরির কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। প্রত্যাশ্যা করা যাচ্ছে, আগামী অক্টোবর,২০২১খ্রি: তারিখের মধ্যে অনুমোদনের জন্য সেগুলো প্রেরণ করা হবে। ৫ম বছরের জন্য ৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা চুড়ান্ত করা হয়েছে। প্রকল্পের তালিকা : "পরিশিষ্ট-খ" সদয় দ্রষ্টব্য। প্রকল্পের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | (ক) বিধি অনুযায়ী ০২টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পের কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) ৫ম বছরের জন্য অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের প্রাক্কলন তৈরির কাজ দ্রুত সম্পাদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ UGDP, LGD পানছড়ি, খাগড়াছড়ি। |
| ২৫ | **তথ্য সেবা প্রকল্প :** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, শিক্ষা, স্বাস্থ্যসহ মোট ২৫১ জন কে সেবা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে বিগত ২ (দুই) মাসের উঠান বৈঠক করা হয় নি। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে উপস্থাপন করেন। | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী নিয়মিত উঠান বৈঠক করার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা পানছড়ি। |
| ২৬ | **শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকেল্পর এডুকেশন ফ্যাসিলিটেটর সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্য শিশু ক্ষমতায়ন প্রকল্প, পানছড়ি। |
| ২৭ | উপজেলা প্যানেল চেয়ারম্যান-১ জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অত্র উপজেলায় করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ৪.৯৯ (চার লক্ষ নিরানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে সভায় উপস্থাপন করেন। | করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বিধি অনুযায়ী বরাদ্দকৃত টাকাসমূহ ব্যয় নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি, খাগড়াছড়ি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:-
(চন্দ্র দেব চাকমা)
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, পানছড়ি।
তারিখ- ০৩/১০/২০২১খ্রিঃ।

স্মারক নং-০৫(১২)/২০১৭-৭২

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম ........................................ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।
৯। উপজেলা ........................................ কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। ........................................................................
........................................................................ খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৩/১০/২১
(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পানছড়ি, খাগড়াছড়ি।

পরিশিষ্ট-খ

| ক্রমিক নং | প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| ০১ | বিদ্যালয়ে কোভিড-১৯ প্রতিরোধে শিক্ষকদের সচেতনতা সৃষ্টি ও করণীয় বিষয়ক প্রশিক্ষণ। |
| ০২ | বিদ্যমান ফল বাগান পরিচর্যার মাধ্যমে অধিক উৎপাদন বৃদ্ধির লক্ষে বাগান মালিকদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। |
| ০৩ | গ্রামীণ যুব আত্মকর্মসংস্থানের লক্ষে মৌ-চাষ প্রশিক্ষণ। |
| ০৪ | যুবদের প্লাম্বিং, স্যানিটারী ফিটিংস, ইলেকট্রিক ওয়েলডিং প্রশিক্ষণ। |
| ০৫ | মোটর বাইক চালক ও অটো (ইজিবাইক) চালকদের নিরাপদ সড়ক নিশ্চিত করার লক্ষে ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ। |
| ০৬ | কার্প জাতীয় মাছের মিশ্রচাষ ও মৎস্য নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। |